গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

মার্চ/২০২৩ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ২০/০৩/২০২৩, দুপুর ১২.৩০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার স্বাধীনতার মাসে উপস্থিত সকলকে স্বাধীনতার শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে এবং ১৫ আগস্টে শহীদ তাঁর পরিবারের সদস্যদেরকে এবং শহীদ মুক্তিযোদ্ধাগণকে।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় ফেব্রুয়ারি/২০২৩ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** ফেব্রুয়ারি/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ ভবন, উপজেলা চেয়ারম্যানের বাসভবন, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও অফিসার্স কোয়ার্টারে (গেজেটেড ও নন-গেজেটেড) আয়রন মুক্ত প্ল্যান্ট স্থাপনের নিমিত্তে ৫,৬৬,৪০০/- (পাঁচ লক্ষ ছেষট্টি হাজার চারশত) টাকার পুন: প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় মিটানোর জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা এর ১৯ জুলাই ২০২২ তারিখের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৮.২২.৪৭ মূলে 'উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও অডিটরিয়াম ভবন মেরামত ও রং এর কাজ' বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। উক্ত স্কিমের প্রাক্কলিত মূল্য ১৯,৯৫,০০০/- (উনিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা এবং ২৩ ফেব্রুয়ারি ২০২৩ হতে কাজ শুরু হয়েছে। এ ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। প্রাক্কলন অনুযায়ী সুষ্ঠুভাবে কাজ বাস্তবায়নে তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) উপজেলা পরিষদের প্রধান ফটকে বিদ্যমান শতভাগ বিদ্যুতায়ন সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নাম ফলক নতুন করে লিখা বাবদ=১,৭৭০/- (এক হাজার সাতশত সত্তর) টাকা প্রয়োজন।

(খ) উপজেলা পরিষদ মিলনায়তনের ডিসলাইন মেরামত বাবদ=২,৩৬০/- (দুই হাজার তিনশত ষাট) টাকা প্রয়োজন।

(গ) উপজেলা পরিষদ ভবন হতে উপজেলা মিলনায়তন পর্যন্ত আইপিএস সংযোগ বাবদ=৭,০৮০/- (সাত হাজার আশি) টাকা প্রয়োজন।

(ঘ) উপজেলা পরিষদের সার্কিটব্রেকার পরিবর্তন বাবদ=৪,১৩/- (চারশত তের) টাকা প্রয়োজন।

(ঙ) উপজেলা শিক্ষা অফিসের গুদামের সুয়ারেজ লাইন মেরামত বাবদ=২,৯৫০/- (দুই হাজার নয়শত পঞ্চাশ) টাকা প্রয়োজন।

(চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয়ের জীপ গাড়ি মেরামত বাবদ ডিসেম্বর/২০২২ মাসে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা এবং জানুয়ারি/২০২৩ মাসে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা খরচ হয়েছে।

(ছ) চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২২ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত দৈনিক ভাতা/ডিএ বাবদ ৫৫,৬২৫/- (পঁচান্ন হাজার ছয়শত পঁচিশ) টাকার বিল উপস্থাপন করা হয়।

(জ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে ৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার) টাকা প্রয়োজন।

(ঝ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের বাসভবনে পতাকা স্ট্যান্ড স্থাপনের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা প্রয়োজন বলে জানানো হয়।

<u>সিদ্ধান্ত-৩</u>: (ক) উপজেলা পরিষদের প্রধান ফটকে বিদ্যমান শতভাগ বিদ্যুতায়ন সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নাম ফলক নতুন করে লিখা বাবদ=১,৭৭০/- (এক হাজার সাতশত সত্তর) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা পরিষদ মিলনায়তনের ডিসলাইন মেরামত বাবদ=২,৩৬০/- (দুই হাজার তিনশত ষাট) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা পরিষদ ভবন হতে উপজেলা মিলনায়তন পর্যন্ত আইপিএস সংযোগ বাবদ=৭,০৮০/- (সাত হাজার আশি) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা পরিষদের সার্কিটব্রেকার পরিবর্তন বাবদ=৪,১৩/- (চারশত তের) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) উপজেলা শিক্ষা অফিসের গুদামের সুয়ারেজ লাইন মেরামত বাবদ=২,৯৫০/- (দুই হাজার নয়শত পঞ্চাশ) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয়ের জীপ গাড়ি মেরামত বাবদ ডিসেম্বর/২০২২ মাসে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা এবং জানুয়ারি/২০২৩ মাসে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ)চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২২ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত দৈনিক ভাতা/ডিএ বাবদ ৫৫,৬২৫/- (পঁচান্ন হাজার ছয়শত পঁচিশ) টাকার বিল রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(জ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে ৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের জাতীয় দিবস উদযাপন খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঝ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের বাসভবনে পতাকা স্ট্যান্ড স্থাপনের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে</u>: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **<u>প্রকল্প বাস্তবায়ন বিভাগ</u> :** অনুপস্থিত।

০৪। **<u>স্বাস্থ্য বিভাগ</u> :** অনুপস্থিত।

০৫। **<u>পরিবার পরিকল্পনা বিভাগ</u> :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৬। **<u>কৃষি বিভাগ</u> :** উপজেলা কৃষি অফিসার জানান যে, বুরো মৌসুমে কৃষি যন্ত্রপাতি ভর্তুকি মূল্যে প্রকৃত কৃষকদের মধ্যে দেয়া হয়। সিলেট অঞ্চলে অর্থাৎ হাওর এলাকায় ৭০% ভর্তুকি দেয়া হয়। ২০২২-২৩ অর্থবছরে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হবে সেলক্ষ্যে প্রকৃত কৃষকদের নিকট হতে আবেদন গ্রহণ করা হচ্ছে। প্রকৃত আগ্রহী কৃষকরা যেন আবেদন করে সেবিষয়ে সহযোগিতা করার জন্য তিনি জনপ্রতিনিধিগণকে অনুরোধ করেন।

০৭। **<u>প্রাণি সম্পদ বিভাগ</u> :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৮। **<u>মৎস্য বিভাগ</u> :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৯। **<u>শিক্ষা বিভাগ</u> :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** অনুপস্থিত।

১১। **সমাজসেবা বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১২। **সমবায় বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ভিডব্লিউবি কার্যক্রমের ২০২৩-২০২৪ চক্রের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসের খাদ্য শস্যের ছাড়পত্র (ডিও) দেওয়া হয়েছে, বিতরণ চলমান। এছাড়াও মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়নে ইউনিয়নের মাসিক বরাদ্দ বিভাজন অনুযায়ী আবেদনের অগ্রাধিকার ভিত্তিতে ইউনিয়ন কমিটির সুপারিশ তালিকা সফটওয়্যারে এন্ট্রি করার জন্য সম্মানিত ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। অন্যথায় উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন দেওয়া যাবে না।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ :** অনুপস্থিত।

১৬। **যুব উন্নয়ন বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৭। **পল্লী বিদ্যুৎ বিভাগ :** এজিএম, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ সভায় জানান যে, রমজান মাস উপলক্ষে বিদ্যুৎ ব্যবহারে সকলকে সাশ্রয়ী হতে হবে। সেচ পাম্পে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতের লক্ষ্যে রাত ১১ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত সেচ পাম্প চালু রাখতে হবে। এসি ব্যবহার না করে ফ্যান ব্যবহারের জন্য সকলকে উৎসাহিত করতে হবে। তিনি জানান আসন্ন রমজান মাসে সেহরি ও ইফতারের সময় সারাদেশে বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার নির্দেশনা রয়েছে। এসময়ে এসি/মটর না ব্যবহার করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

১৮। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। তিনি জানান মোগলাবাজার-জালালপুরের মধ্যবর্তী গঙ্গারামের খালের ব্রীজের কাছাকাছি দলবদ্ধভাবে ডাকাতি/হাইজেক হয়। এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্টদের প্রতি তিনি অনুরোধ জানান। রমজান মাসে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের বাইরে যাতে কোন ব্যবসায়ী মূল্য বৃদ্ধি না করতে পারে সেবিষয়ে সকলকে সর্তক থাকার জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৩/২৪

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২.২৬৮/১ তারিখঃ ২০ মার্চ, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ..........................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ................................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ..........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ...............................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম................................. সদস্য...........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

২০/০৩/২৩
নূসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

**পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:**

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| **উপস্থিত কর্মকর্তাঃ** | **অনুপস্থিত কর্মকর্তাঃ** |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসারের, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।<br>১৪। এজিএম, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট |